# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ww.hsd.gov.bd

## গণবিজ্ঞপ্তি

**জুলাই-আগস্ট ২০২৪ -এ সংঘটিত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় হতে সংগৃহীত ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদদের নামের খসড়া তালিকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইট: www.hsd.gov.bd-এ এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট: www.dghs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে। তথ্য সংশোধন/সংযোজন করার জন্য ওয়েবসাইটে প্রকাশিত তালিকাটি ২৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ হতে ০৬ অক্টোবর, ২০২৪ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। তালিকায় প্রকাশিত নাম, ঠিকানা ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই/সংশোধন/পূর্ণাঙ্গ করতে শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে অনুরোধ করা হ'ল। প্রকাশিত তালিকার বিষয়ে কারো কোন মতামত, পরামর্শ এবং নতুন কোনো তথ্য-উপাত্ত সংযোজন করার মতো থেকে থাকলে তা সেবা গ্রহণকৃত সংশ্লিষ্ট হাসপাতাল অথবা নিকটস্থ সরকারি হাসপাতালে জানানোর জন্য অনুরোধ করা হ'ল। প্রকাশিত তালিকার তথ্য সংশোধনের জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:**

**(ক) শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/জন্মনিবন্ধন ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।**

**(খ) রেজিস্ট্রেশনের পর শহীদ ব্যক্তির তথ্য ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।**

**(গ) প্রিন্ট করা কাগজের যে ঘরগুলোতে তথ্য নেই, সেগুলো পূরণ করতে হবে।**

**(ঘ) পূরণকৃত তথ্য নিয়ে সেবা গ্রহণকৃত সংশ্লিষ্ট হাসপাতাল অথবা নিকটস্থ সরকারি হাসপাতালে গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তথ্য সংশোধনে সহায়তা করবে।**

**(ঙ) প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধি কর্তৃক পূরণকৃত ফরমটি জমা নিয়ে অনলাইনে তথ্যগুলো হালনাগাদ করবেন।**

**(চ) দাখিলকৃত তথ্য যথাযথভাবে সন্নিবেশিত বা সংশোধিত হল কিনা তা ওয়েবসাইটে প্রবেশ করে পুনরায় যাচাই করা যাবে।**

**সাম্প্রতিক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহীদদের মধ্যে যদি কারো নাম এই তালিকায় অন্তর্ভুক্ত না হয়ে থাকে তাহলে শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সিভিল সার্জন/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হ'ল।**

২৬/০৯/২০২৪

**(উম্মে হাবিবা)**
**উপসচিব**
**ই-মেইল: ghm1@hsd.gov.bd**

GD- 619

---

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি (নন-টেকনিক্যাল পদ)

নং সংস্থা-২/অ-৫/রে-২২১০ তারিখঃ ০২/১০/২০২৪ খ্রিঃ

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে "হিসাবরক্ষক", অডিট অফিসের ১টি স্থায়ী পদ এবং কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে "প্রধান সহকারী", রেজিষ্ট্রার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "সহকারী হিসাবরক্ষক", অডিট অফিসের ১টি স্থায়ী পদ, কম্পট্রোলার অফিসের ০২ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ক্যাটালগার", কেন্দ্রীয় লাইব্রেরীর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় মাষ্টার্স। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "পি.এ", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৬। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "লাইব্রেরী এসিস্টেন্ট কাম ডকুমেন্টেশন এসিস্টেন্ট", নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর", তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর", যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি সমমানের (বাণিজ্য হইলে অগ্রাধিকার) পরীক্ষা পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৯। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে ট্রেসার পদের বিপরীতে "হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর", পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের ০১টি অস্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি সমমানের (বাণিজ্য হইলে অগ্রাধিকার) পরীক্ষা পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১০। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "এলডিএ কাম কম্পিউটার অপারেটর", ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ, কম্পট্রোলার অফিসের ০১টি স্থায়ী পদ, উপাচার্য অফিসের ০১টি স্থায়ী পদ এবং চিকিৎসা কেন্দ্রের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word, MS Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১১। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "খাদেম", ছাত্রকল্যাণ পরিদপ্তরের অধীন কেন্দ্রীয় মসজিদের ১ (এক) টি স্থায়ী পদ ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে ফাজিল অথবা কোন কওমী মাদ্রাসা হইতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। শারীরিক সুস্থতা ও সবলতা এবং বিশুদ্ধ কোরআন তেলাওয়াতে সক্ষমতা ও মাসয়ালা-মাসায়েল সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

১২। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "স্টোর সহকারী", রেজিষ্ট্রার অফিসের ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই স্টোরের কাজের অভিজ্ঞতাসহ এইচ.এস.সি সমমানের সমমানের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে ***অথবা*** এস.এস.সি পাশসহ স্টোরের কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১৩। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "হেড সিকিউরিটি গার্ড", রেজিষ্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি. পাশসহ আনসার ট্রেনিং ইন্সটিটিউট হইতে ট্রেনিং প্রাপ্ত হতে হবে। প্রার্থীকে কমপক্ষে ৫ফুট ৪ ইঞ্চি উচ্চতা সম্পন্ন সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করাসহ দারোয়ান/গার্ডদের পরিচালনার সামর্থ্য থাকতে হবে। সিকিউরিটি গার্ড হিসেবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১৪। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "এম.এল.এস.এস.", তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ৩টি স্থায়ী পদ, মানবিক বিভাগের ০১টি স্থায়ী পদ, আই.পি.ই. বিভাগের ০১টি স্থায়ী পদ, মেডিক্যাল সেন্টারের ০১টি স্থায়ী পদ, ডিএইআরএস অফিসের ০১টি স্থায়ী পদ, বিজ্ঞান অনুষদের ০১টি স্থায়ী পদ এবং ছাত্রকল্যাণ অধিদপ্তরের অধীন শারিরীক শিক্ষা বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৫। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "গার্ড", রেজিষ্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ০৭ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

১৬। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "পরিচ্ছন্নতাকর্মী", ছাত্রকল্যাণ পরিদপ্তরের ১টি স্থায়ী পদ, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ এবং ড. এম. এ. রশীদ হলের ০১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃ দ্রঃ ক্রমিক নং ১ হইতে ১৪ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন এবং ডিগ্রী অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।"

অনলাইনে https://recruitment.buet.ac.bd/ সাইটের মাধ্যমে প্রতিটি পদের নাম অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্র/অগ্রায়ণপত্র অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline " মেনুতে বর্ণনা করা হয়েছে। ক্রমিক নং ১ হতে ২ নং পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং ৩ হতে ১২ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ১৩ হতে ১৬ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে/আপলোডকৃত সার্টিফিকেটে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (regoffice.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ঃ ২৩/১০/২০২৪ খ্রিঃ

02/10/24

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিষ্ট্রার (অ.দা.)

GD-612

---




---

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি (টেকনিক্যাল পদ)

নং সংস্থা-২/অ-৫/রে-২২১১ তারিখঃ ০২/১০/২০২৪ খ্রিঃ

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে "ফার্মাসিস্ট", মেডিক্যাল সেন্টারের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. (ফার্মাসি) পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অথবা বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ ইন্সটিটিউট অব পাবলিক হেলথ হতে ডিপ্লোমা ইন ফার্মাসী কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ফার্মাসিস্ট পদে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

২। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে "মেডিক্যাল টেকনোলজিস্ট (ফিজিওথেরাপি)", মেডিক্যাল সেন্টারের ১টি স্থায়ী পদঃ The candidate should have a diploma in Medical Technology (Physiotherapy) from any govt. recognized institution with at least 05 (five) years experience in relevant field with computer experience.

৩। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে "ড্রাফটসম্যান", আই.পি.ই. বিভাগের ১টি স্থায়ী পদ, প্রধান প্রকৌশলীয় কার্যালয়ের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশ সহ ভোকেশনাল ইন ড্রাফটিং -এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং তৎসহ Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে দক্ষতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে "ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান", ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট যন্ত্রপাতি (ল্যাবঃ ইকুইপমেন্টস/ইলেকট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি/প্রজেক্টর/কম্পিউটার এক্সেসরিজ মেরামত ও ইন্সটলেশন ইত্যাদি) মেরামতের কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ডাটা এন্ট্রি অপারেটর", আই.আই.সি.টি-এর ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ল্যাব ইন্সট্রাক্টর কাম স্টোর কীপার", ন্যানোম্যাটেরিয়ালস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। **অথবা** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ক্রাফট ইন্সট্রাক্টর", বস্তু ও ধাতব কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, ডিএইআরএস অফিসের অধীন মেশিন শপের ০১টি স্থায়ী পদ, অটোমোবাইল শপের ০১টি স্থায়ী পদ, শীট মেটাল শপের ০১টি স্থায়ী পদ, এবং ফাউন্ড্রি শপের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্সসহ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে CAD/CAM জানা প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হইবে।

৮। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "নেটওয়ার্ক টেকনিশিয়ান", আইসিটি সেলের ০২ টি স্থায়ী পদঃ HSC or equivalent should have at least 2nd division in all examination. Basic computer skill (Word, Excel, internet etc.) 3-4 years of practical experience in a recognized organization concerning ICT (Network). Experience in maintenance of computer and secretarial work will be preferable.

৯। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "পাম্প সুপারভাইজার", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং পাম্প পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কাজে কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ***অথবা*** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ পাম্প পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১০। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "হেড ইলেকট্রিশিয়ান", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে। অথবা প্রার্থীকে এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাশসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।

১১। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "অপারেটর মেকানিক", ডিএইআরএস অধীন মেশিন শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন হইতে হইবে। *অথবা* এইচ.এস.সি ভোকেশনাল/ বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১২। ৳ঃ ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে "ড্রাইভার (ভারী) " ৪টি স্থায়ী পদ ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৳ঃ ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে ড্রাইভার কাম ফিটার পদের বিপরীতে "ড্রাইভার (ভারী)" ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপ ০১টি অস্থায়ী পদঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৪। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "ড্রাইভার (হালকা)", ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপ ২টি স্থায়ী পদঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ হালকা/ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৫। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "অটোমেকানিক", ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশ এবং ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা **অথবা** ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্সসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৬। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "সহকারী এসি টেকনিশিয়ান", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি. এবং এয়ারকন্ডিশন এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ট্রেড কোর্স/ ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৭। ৳ঃ ৯৩০০-২২৪৯০/-/- বেতন স্কেলে "ল্যাব সহাকারী", পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট-এর ২টি স্থায়ী পদঃ The candidate must have H.S.C. (Science). Vocational training in Civil Technology/Computer Technology or a relevant field will be preferred. Must have at least two years of working experience in the relevant field. No 3rd class/division/ equivalent are acceptable.

১৮। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "বাবুর্চি", বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৯। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "ল্যাবঃ এটেনডেন্ট", ন্যানোম্যাটেরিয়ালস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ২টি স্থায়ী পদ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ১টি স্থায়ী পদ, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ০৪টি স্থায়ী পদ, আই.পি.ই. বিভাগের ২টি স্থায়ী পদ এবং গনিত বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

২০। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "শপ এটেনডেন্ট", ডিএইআরএস অফিসের ফাউন্ড্রি শপের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

২১। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "লিফট অপারেটর", বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফট অপারেটিং ও রক্ষনাবেক্ষণ কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। লিফট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন এবং মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

২২। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "হোয়াইট ওয়াশ মিস্ত্রী", প্রধান প্রকৌশলী কার্যালয়ের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন সিভিল পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষায় পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে হোয়াইট ওয়াশ/রং মিস্ত্রি হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬ (ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

২৩। ৳ঃ ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে "সহকারী ওয়েল্ডার", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ কোন অনুমোদিত প্রতিষ্ঠান থেকে ট্রেড কোর্সের সনদ প্রাপ্ত হতে হবে। ন্যুনতম ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

২৪। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে "সহকারী পাম্প ড্রাইভার", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

২৫। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে "সহকারী টেলিফোন লাইনম্যান", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি পাশ হইতে হইবে এবং সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা** প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

২৬। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "ভেহিক্যাল হেলপার", ডিএইআরএস-এর অধীন অটোমোবাইল শপের ২টি স্থায়ী পদঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

বিঃ দ্রঃ ক্রমিক নং ১ হইতে ১১, ১৬ হইতে ২১ এবং ২৩ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন এবং ডিগ্রী অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।"

অনলাইনে https://recruitment.buet.ac.bd/ সাইটের মাধ্যমে প্রতিটি পদের জন্য অফিস/বিভাগ অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্র/অগ্রায়ণপত্র অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline" মেনুতে বর্ণনা করা হয়েছে। ক্রমিক নং ১ হতে ৪ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং ৫ হতে ১৮ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ১৯ হতে ২৬ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে/আপলোডকৃত সার্টিফিকেটে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (regoffice.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

**অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখঃ** ২৩/১০/২০২৪ খ্রিঃ

02/10/24

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিষ্ট্রার (অ.দা.)

GD-613